# সারজিস-নাসীরুদ্দীনসহ ৯ জনের বিরুদ্ধে থানায় ছিনতাইয়ের অভিযোগ



ছবি: সংগৃহীত

হবিগঞ্জে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) কেন্দ্রীয় মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী, উত্তরাঞ্চলের মুখ্য সংগঠক সারজিস আলমসহ ৯ জনের বিরুদ্ধে হামলা ও ছিনতাইয়ের অভিযোগে থানায় লিখিত অভিযোগ জমা দেওয়া হয়েছে। বৃহস্পতিবার (৩০ জুলাই) গভীর রাতে হবিগঞ্জ সদর মডেল থানায় অভিযোগটি করেন জেলা ছাত্রদলের যুগ্ম সাধারণ সম্পাদক মো. ইকবাল হোসেন।

হবিগঞ্জ সদর মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জাহিদুল হক অভিযোগ পাওয়ার বিষয়টি নিশ্চিত করে জানান, লিখিত অভিযোগটি তদন্ত করে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

অভিযোগে বলা হয়, গত ২৮ জুলাই কেন্দ্রীয় ছাত্রদলের কর্মসূচির অংশ হিসেবে জুলাই আন্দোলনের শহীদ রিপন শীলের পরিবারের সঙ্গে সাক্ষাৎ ও শোকসভায় যোগ দিতে কোর্ট মসজিদ এলাকায় জড়ো হন ছাত্রদলের নেতাকর্মীরা। এ সময় এনসিপির নেতাকর্মীদের সঙ্গে উভয় পক্ষের পাল্টাপাল্টি স্লোগান থেকে ধাওয়া-পাল্টা ধাওয়া এবং পরে সংঘর্ষের ঘটনা ঘটে।

বাদীর অভিযোগ, সংঘর্ষের সময় এনসিপির নেতাকর্মীরা দেশীয় অস্ত্র, লোহার রড ও ইটের টুকরা নিয়ে হামলা চালান। এতে ছাত্রদল নেতা মাহফুজ চৌধুরী, মোজাক্কির হোসেন ইমনসহ কয়েকজন আহত হন। এছাড়া হামলার সময় কয়েকটি মোবাইল ফোন ও নগদ টাকা ছিনিয়ে নেওয়ারও অভিযোগ করা হয়েছে।